# প্রতিষ্ঠান যেভাবে পরিচালনা করবেন-৩

মাওলানা মুহাম্মাদ মুসা খান
**প্রতিষ্ঠাতা পরিচালক**
মাদ্রাসায়ে আবু হুরায়রা (রা.), মধুবাগ শাখা
মাদ্রাসায়ে আবু হুরায়রা (রা.), শান্তিবাগ শাখা
মাদ্রাসায়ে হুসাইন (রা.), বাশেরপুল শাখা
ইতমিনান বালিকা হিফজুল কুরআন মাদ্রাসা
**এতিম খানাসহ ৮টি শাখা**
**খতিব**
মধুবাগ কেন্দ্রীয় জামে মসজিদ, ঢাকা
**মুহাদ্দিস**
আল-জামিয়া ইসলামিয়া আল-আরাবিয়্যা আনোয়ারুর রাহমানিয়া,
কোনাপাড়া, ঢাকা

## ইতমিনান পাবলিকেশন্স
সবারপাশে সমস্যার সমাধানে
প্রধান কার্যালয় : পাড়াডগার, ডেমরা, ঢাকা-১৩৬০।
মোবাইলঃ ০১৮৬৮-৬৮৩৬৬৮
বাংলাবাজার শাখা : ইসলামী টাওয়ার (চতুর্থ তলা),
বাংলাবাজার, ঢাকা-১১০০

# সূচিপত্র

পরিচালক বা মুহতামীম দুই প্রকার ১৯
অতীতের প্রতিষ্ঠানগুলো কেন গড়ে উঠেছিল ২০
যে কোনো এক বিষয়ে প্রতিষ্ঠানের স্বীকৃতি গড়ে তুলুন ২২
পরিচয়ের শক্তি: একটি দৃষ্টান্ত ২৩
ইসলামের দাওয়াত যেখান থেকে শুরু ২৫
দায়ী পরিচালক ও বাণিজ্যিক পরিচালক ২৯
দায়ী পরিচালক হিসেবে নিজেকে গড়ার দশটি নীতি ৩২
আপনাদের প্রতিষ্ঠান কাদের জন্য ৩৪
সাহাবী ও সালাফদের জীবনে ইলমের দাওয়াত ৩৬
সাহাবী, সালাফ ও আমাদের সময় ৩৯
বর্তমানে দায়ী পরিচালকদের জন্য সাতটি বাস্তব করণীয় ৪১
যুগে যুগে দাওয়াতের প্রভাব ৪৩
দাওয়াতের কার্যকর (Effective) ৪৬
দুধ বিক্রেতার গল্প ৫০
জনপ্রিয় করার ১২টি বাস্তব কৌশল ৫১
প্রচারপত্রে দাওয়াত ৫৩
ভর্তি পোস্টার আর দাওয়াতী পোস্টার ৫৫
নকল করার ক্ষতি: কোরআন ও হাদিসের আলোকে ৫৭
নিজে ফিকির করার ফায়দা: শরঈ দৃষ্টিভঙ্গি ৫৯
প্রচারপত্রে দাওয়াত: মানব মস্তিষ্ককে বুঝে কথা বলা ৬০
নবীজির দাওয়াতে মনোবিজ্ঞান ৬৫
নবীজির দাওয়াতের বাক্য: অল্প কথায় পূর্ণ অর্থ ৬৭
নবীজির দাওয়াত বনাম আমাদের দাওয়াত ৭০

কয়েকটি গভীর পার্থক্য (ব্যাখ্যাসহ) ৭১
তুলনা থেকে বাস্তব পরিবর্তনে যাওয়া ৭৩
ভুল দাওয়াত বনাম সঠিক দাওয়াত ৭৮
ইমোশনের শক্তি: ইতিহাসের আলোকে বড় হবে ৮১
দায়ী পরিচালকের প্রতি আহ্বান ৮৩
অধ্যায়: মনোবিজ্ঞানের আলোকে দাওয়াতের কৌশল ৮৪
অভিভাবকের ভয় ও আপত্তি মোকাবেলার মনোবিজ্ঞান ৮৭
কিছু প্রচলিত আপত্তি ও মনোবিজ্ঞানভিত্তিক উত্তর ৮৯
এই শ্রেণির অভিভাবক কারা? ৯১
পোষ্টার তৈরির নিয়ম ৯৫
পোস্টারের কাঠামো (ইসলামি ও বৈজ্ঞানিক নিয়মে) ৯৭
ইসলাম ও তথ্যের গুরুত্ব ৯৯
দায়ী পরিচালকের আত্মপ্রশ্ন ১০১
অভিভাবককে ফলো-আপ করার ইসলামিক কৌশল ১০২
অভিভাবকের ব্রেইনের কিছু অনুভূতি ১০৪
অভিভাবকের জীবনের বাস্তব চ্যালেঞ্জ ১০৭
ভয় ও আশা একসাথে ব্যবহার করে দাওয়াত দেওয়া ১০৯
নিচের ক্লাস ও উপরের ক্লাসের তারতম্য ১১২
ভর্তির মৌসুমে দাওয়াতের ভাষা পরিবর্তন ১১৫
হুরুফে তাম্বীহ তৈরির মৌলিক নিয়ম ১২০
কালার সাইকোলজি ১২৪
লাল (Red) মনোবিজ্ঞান ১২৭
শিশু, অভিভাবক ও দাতাদের জন্য আলাদা কালার গাইড ১৩০
মৌখিক দাওয়াত ১৩২
মৌখিক দাওয়াতের অতিরিক্ত ফায়দা ১৩৪
ডোর টু ডোর দাওয়াতের কার্যকর কৌশল ১৩৭
দাওয়াতের পরের ধাপগুলো ১৪০
আপত্তি ও মোকাবেলা ১৪৩
দাওয়াতকারীদের জন্য ৫টি স্বর্ণনীতি ১৪৬
শিক্ষকরা কেন ইলমের দাওয়াতে পিছিয়ে যান? ১৪৯
শিক্ষকদের জন্য মোটিভেশনাল খুতবা ১৫২
প্রতিষ্ঠানকে ইস্তেহজার ফি জিহেন ১৫৪
ইস্তেহজার ফি জিহেন কী? ১৫৫
ইস্তেহজার ফিজ জাহন ব্যর্থতার পাঁচটি কারণ ও সমাধান ১৫৮

| | |
|---|---|
| ইস্তেহজার ফি জিহেন স্কোরকার্ড | ১৬১ |
| আত্মসমালোচনার দোয়া (পরিচালকদের জন্য) | ১৬৫ |
| অনলাইনে দাওয়াতী প্রচারণা | ১৬৯ |
| অনলাইন দাওয়াতে নিয়তের গুরুত্ব | ১৭১ |
| একজন শিক্ষক দিয়ে পেইজ পরিচালনার পদ্ধতি | ১৭৫ |
| ফেসবুকের কিছু পরিভাষা | ১৭৭ |
| বুস্ট কী | ১৮১ |
| বুস্ট করার ধাপসমূহ | ১৮২ |
| প্রফেশনাল সহযোগিতার প্রয়োজনীয়তা | ১৮৪ |
| সম্পর্ক তৈরি | ১৮৭ |
| তা'আল্লুক তথা সম্পর্কের প্রকারভেদ | ১৮৯ |
| সম্পর্কের ক্ষেত্রে করণীয় ও বর্জনীয় | ১৯২ |
| প্রথম স্তরের সংক্ষিপ্ত স্মরণ | ১৯৬ |
| জাগতিক শিক্ষাব্যবস্থার প্রচার কৌশল | ১৯৯ |
| অনুশীলন | ২০০ |
| নতুন প্রতিষ্ঠানের জন্য উপযোগী পোস্টার | ২১০ |
| পুরোনো / প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানের উপযোগী পোস্টার | ২১১ |
| পুরোনো প্রতিষ্ঠানের জন্য উপযুক্ত পোস্টারের ধরন | ২১২ |
| মানব মস্তিষ্ক, তথ্যের বাছাই ও ইলমের দাওয়াত | ২১৩ |

## ভুল দাওয়াত বনাম সঠিক দাওয়াত

| | |
|---|---|
| (সহজ তুলনা) | ভুল দাওয়াত |
| অনেক লেখা | কঠিন শব্দ |
| লম্বা বক্তব্য | ভয় দেখানো |
| শুধু হুকুম | শুধু নিষেধ |
| ফলাফলের চাপ | মানুষ কী করে? |
| সঠিক দাওয়াত | পড়তে চায় না |
| দূরে সরে যায় | এড়িয়ে চলে |
| অল্প কথা | সহজ ভাষা |
| প্রশ্নভিত্তিক | আশা জাগানো |
| নিরাপত্তার অনুভূতি | ধৈর্য রাখা |
| সময় দেওয়া | মানুষ কী করে? |
| থামে ভাবে | আবার ফিরে আসে |

### একটি পূর্ণ দাওয়াতী পোস্টার (এই মেকানিজম ব্যবহার করে)

দায়ী পরিচালকের জন্য চূড়ান্ত নির্দেশনা আপনি মনে রাখবেন— মানুষ বুঝে সিদ্ধান্ত নেয় না মানুষ অনুভব করে সিদ্ধান্ত নেয় দাওয়াত যুক্তি দিয়ে নয়, অনুভূতি দিয়ে শুরু হয়।

আপনার কাজ হলো মানুষের মনে ভয়ের জায়গায় নিরাপত্তা, চাপের জায়গায় আশ্বাস, জটিলতার জায়গায় সহজ পথ তৈরি করা, এইভাবেই নবীজির দাওয়াত কাজ করেছিল, এইভাবেই আজও দাওয়াত কাজ করবে—ইনশাআল্লাহ!

## পোষ্টার তৈরির নিয়ম

পোস্টার বানানোর পদ্ধতি আলোচনাটা একটি প্রশ্ন দিয়ে শুরু করি। বলুন তো— এই দুনিয়ায় সবচেয়ে দামী জিনিস কী? আপনার ব্রেইনে অনেক কিছু ঘুরছে, সময়, টাকা, স্বাস্থ্য, কিন্তু উত্তর হলো— মনোযোগ, মনোযোগ যা আধুনিক যুগের সবচেয়ে দামী সম্পদ। বর্তমান বিশ্বে সবচেয়ে বড় প্রতিযোগিতা হচ্ছে— কার মনোযোগ কে দখল করবে, ফেসবুক চায় আপনার মনোযোগ।

ইউটিউব চায় আপনার মনোযোগ, এই বইয়ের লেখকও চায় আপনার মনোযোগ, আপনি যাকে মনোযোগ দেন— সে-ই আপনার মাধ্যমে লাভবান হয়। এখন প্রশ্ন— এত পোস্টার, এত লিফলেট, এত বিজ্ঞাপনের ভিড়ে— একজন অভিভাবক কেন আপনার পোস্টারের দিকে তাকাবে? পোস্টারের প্রথম লক্ষ্য: তাকাতে বাধ্য করা।

পোস্টারের কাজ ভর্তি নেওয়া নয়, পোস্টারের প্রথম কাজ— দাঁড় করানো, অভিভাবক হাঁটছে, সে থামবে কি না— এটাই আসল প্রশ্ন, তাকে থামাতে হলে পোস্টারে এমন একটি বাক্য লাগবে— যে বাক্য পড়েই তার হৃদয়ে অনুভূতি জাগে— “এটা তো আমার কথাই বলছে।

নাহুর কিতাবে আমরা পড়ি— (হুরূফে তানবীহ) এর কাজ কী? সতর্ক করা, মনোযোগ জাগানো, ঘুমন্তকে জাগানো, কুরআন ও হাদিসে এ ধরনের শব্দ ব্যবহার হয়েছে—

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا . يَا أَيُّهَا النَّاسُ

এগুলো ইনফরমেশন নয়, এগুলো Attention Grabber, পোস্টারেও এই হুরূফে তানবীহ দরকার, (অর্থাৎ এমন কোনো বাক্য বা শব্দ থাকবে যেটা মানুষ কে দাঁড় করাবে।